# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
**আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ**
ফোনঃ ৯৫৭৬৬৫৩, ৯৫৬০০২১ বর্ধিত-৩৩৫
Email: dgmictsystem@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

প্রকা/আইসিটি (সিস্টেমস্)/ডিসি মেইনটেনেন্স-৪৫(১)/২০২০-২০২১/১২২৭ (৫৭৯) তারিখঃ ২১-১০-২০২০

উপ-মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা
ও
ব্যবস্থাপক
সকল অনলাইন শাখা।

বিষয় ঃ **Data Centre (DC) ও Disaster Recovery Site (DRS) এ স্থাপিত নতুন হার্ডওয়্যার এর মাধ্যমে অনলাইন ব্যাংকিং কার্যক্রম নিরবছিন্নভাবে পরিচালনা করার জন্য পুরাতন সার্ভার হতে নতুন সার্ভারে ডাটা মাইগ্রেশন সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করা প্রসংগে।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকের বর্তমানে ৫০৪টি শাখায় অনলাইন ব্যাংকিং কার্যক্রম Flora Bank Core Banking Solution (CBS) Software এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। অত্র ব্যাংকের চলমান অনলাইন ব্যাংকিং কার্যক্রম নিরবছিন্ন পরিচালনার নিমিত্ত Data Centre (DC) ও Disaster Recovery Site (DRS) কার্যক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নতুন হার্ডওয়্যার সংস্থাপনপূর্বক যাবতীয় কার্যাদি সম্পন্ন করা হয়েছে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, Data Centre (DC) ও Disaster Recovery Site (DRS) এ স্থাপিত নতুন হার্ডওয়্যার এর মাধ্যমে অনলাইন ব্যাংকিং কার্যক্রম নিরবছিন্নভাবে পরিচালনা করার জন্য পুরাতন সার্ভার ও স্টোরেজ হতে নতুন স্টোরেজ ও সার্ভারে ডাটা মাইগ্রেশন সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে আগামী বৃহস্পতিবার ২২/১০/২০২০ তারিখ রাত ৮.০০ টা হতে শনিবার ২৪/১০/২০২০ তারিখ বিকাল ৪.০০টা পর্যন্ত ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী CBS, RTGS ও সংশ্লিষ্ট সার্ভিসসমূহ বন্ধ থাকবে।

০৩। এমতাবস্তায়, বর্ণিত কার্যাদি সম্পাদন করে নতুন হার্ডওয়্যার এর মাধ্যমে অনলাইন ব্যাংকিং কার্যক্রম নিরবছিন্নভাবে পরিচালনা করার জন্য নিম্নোক্ত বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে ঃ

ক) ২২/১০/২০২০ তারিখে ব্যাংকের সকল অনলাইন শাখাসমূহকে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে যাবতীয় কার্যাদি সম্পন্ন করে আবশ্যিকভাবে সন্ধ্যা ৬.০০ টায় Branch Day Close করতে হবে।

খ) ২৪/১০/২০২০ তারিখে খোলা শাখাসমূহকে ম্যানুয়্যালী ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে। নতুন হার্ডওয়্যারের মাধ্যমে অনলাইন ব্যাংকিং সেবা চালু হওয়ার পর CBS এ পোস্টিং প্রদান করতে হবে।

গ) আগামী বৃহস্পতিবার ২২/১০/২০২০ তারিখ রাত ৮.০০ টা হতে শনিবার ২৪/১০/২০২০ তারিখ রাত ৮.০০টা পর্যন্ত ৪৮(আটচল্লিশ) ঘন্টা ATM সেবা ও ডেবিট কার্ডের মাধ্যমে লেনদেন বন্ধ থাকার বিষয়টি গ্রাহকদের অবহিত করতে হবে।

০৪। **বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। এপ্রেক্ষিতে বর্ণিত নির্দেশনাবলী পরিপালন এবং এতদবিষয়ে গ্রাহকদের অবহিত করার জন্য শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।**

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

Rasheid
২১.১০.২০

(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

প্রয়োজনীয় ব্যবস্থা ও সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়।
০৫। আইসিটি উপদেষ্টা মহোদয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৬। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
০৭। নথি/ মহানথি।